দৈনিক সংবাদ

তারিখ 31 DEC 1995
পৃষ্ঠা ১০ কলাম ৬

## বরিশাল জেলা সমিতির বৃত্তি প্রদান অনুষ্ঠান

বরিশাল, ৩০শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।– ঢাকাস্থ বরিশাল জেলা সমিতি বরিশাল জেলার বিভিন্ন থানার ৫৫ জন মেধাবী ছাত্রছাত্রীকে এককালীন বৃত্তি ও সনদ প্রদান করেছে।

বৃত্তি প্রদান উপলক্ষে অশ্বিনীকুমার হলে সংগঠনের সভাপতি আলহাজ্ব জয়নুল আবেদিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বিভাগীয় কমিশনার এম, এ রশীদ এবং বিশেষ অতিথি হিসেবে ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ শাহজাহান খান উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তৃতা করেন জেলা সমিতির সম্পাদক এ, কে, এম শামসুল হক, বরিশাল মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল ওয়াহেদ, বরিশাল জেলা আইনজীবী সমিতির সহ–সভাপতি আলী আহাম্মদ, সম্পাদক মানববেন্দ্র বাইর্যাল প্রমুখ বক্তৃতা করেন। বৃত্তি প্রদানশেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।